# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/৪৭

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ / ১৪ জুলাই ২০২৫

বিষয়: লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, চাঁদপুর সদর, চাঁদপুর এর অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন এবং শিক্ষক কর্মচারীগণের বেতন-ভাতা উত্তোলন প্রসঙ্গে।

সূত্র: ক) সুপার, লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা এর আবেদন, তারিখ: ১০/০৭/২০২৫ খ্রি.
খ) চেয়ারম্যান, লক্ষীপুর মুহাম্মদী সোসাইটি এর আবেদন, তারিখ: ২৯/০৬/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলাধীন লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসায় জনাব মো: মিজানুর রহমান খাঁন কে পরিবর্তন করে জনাব আবু আব্দুল্লাহ মো: হাসান কে সভাপতি মনোনীত করার জন্য লক্ষীপুর মুহাম্মদী সোসাইটির সভাপতি প্রয়োজনীয় কাগজপত্র সহ আবেদন করেন। লক্ষীপুর মুহাম্মদী সোসাইটি এর সভাপতি এর আবেদনের প্রেক্ষিতে স্মারক ও তারিখ ঠিক রেখে উক্ত মাদ্রাসার ট্রাষ্ট ম্যানেজিং কমিটির বর্তমান সভাপতি জনাব মো: মিজানুর রহমান খান কে পরিবর্তন করে জনাব আবু আব্দুল্লাহ মো: হাসান কে নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/৩০ স্মারক ২৫ জুন ২০২৫ খ্রি. তারিখে মনোনায়ন দেয়া হয়। উক্ত মাদ্রাসার সভাপতি পদ পরিবর্তনের বিরুদ্ধে লক্ষীপুর মুহাম্মদী সোসাইটির চেয়ারম্যান দাবিদার মোঃ মিজানুর রহমান খান একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগে তিনি জনাব আবু আব্দুল্লাহ মো: হাসান কে সভাপতি করায় এলাকায় বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে একইসাথে মাও. মোহাম্মদ হাবীবুল্লাহ এফিডেভিটের মাধ্যমে জনাব মোঃ মিজানুর রহমান খানকে উক্ত ট্রাস্ট্রের চেয়ারম্যান করা হয়েছে অভিযোগে উল্লেখ করেন (কপি সংযুক্ত)।

২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর নীতি এর ১৭.৪ অনুসারে শিক্ষক কর্মচারীগণের বেতন-ভাতা প্রদান করা প্রয়োজন। নীতিটি নিম্নরুপ:

"ম্যানেজিং কমিটি/গভনিং বডির সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান এমপিও বিলে যৌথভাবে স্বাক্ষর করবেন। নিয়মিত কমিটি/এডহক কমিটি/সভাপতির অবর্তমানে অথবা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ম্যানেজিং কমিটির মধ্যে সৃষ্ট মতপার্থক্যের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে এমপিও উত্তোলনের ক্ষেত্রে জটিলতা তৈরি হলো জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরের মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির স্থলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন।"

এমতাবস্থায়, জনাব মোঃ মিজানুর রহমান খান এর অভিযোগের বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ এবং উক্ত বিষয়ে জটিলতা নিরসন না হওয়া পর্যন্ত এমপিও নীতিমালা অনুসরণপূর্বক উক্ত মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণের বেতন-ভাতা প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-কে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১. সুপার, লক্ষীপুর মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা এর আবেদনের কপি
২. চেয়ারম্যান, লক্ষীপুর মুহাম্মদী সোসাইটি এর আবেদনের কপি

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৪.৭.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
চাঁদপুর সদর, চাঁদপুর

নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-১৯১/৪৭

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ / ১৪ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চাঁদপুর;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)
৪. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর;
৬. সুপার, লক্ষীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, চাঁদপুর সদর, চাঁদপুর;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৪.০৭.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd